

নং: ৩৩.০০.০০০০.১২৬.০১.০৯৬.১৭-৪ ৩২

তারিখঃ ১২ ভাদ্র ১৪২৫
২৭ আগস্ট ২০১৮

প্রজ্ঞাপন

যেহেতু বেগম ফারহানা জাহান, প্রাক্তন উপজেলা মৎস্য কর্মকর্তা, নাগরপুর, টাঙ্গাইল বর্তমানে পরিবীক্ষন ও মূল্যায়ন কর্মকর্তা, বাংলাদেশের নির্বাচিত এলাকায় কুচিয়া ও কার্কাড়া চাষ এবং গবেষণা প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (চৌদপুর মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউটে বদলির আদেশাধীন) গত ১২/১০/২০১৭ তারিখে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুক-এ সরকারের বিভিন্ন সিদ্ধান্তকে ব্যাঙ্গ-বিদ্রুপ করে স্ট্যাটাস প্রদান করার কারণে ০৫/১১/২০১৭ তারিখের ৩৩. ০০. ০০০০. ১২৬. ০১. ০৯৬.১৭-৫৯৬ সংখ্যক পত্রের মাধ্যমে পরবর্তী ১০(দশ) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নোটিশ প্রদান করা হয়। তিনি ১৪/১১/২০১৭ তারিখে কারণ দর্শানোর জবাব প্রদান করেন। তাঁর জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) (সংশোধিত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি) মোতাবেক “অসদাচরণ (Misconduct)” এর দায়ে শাস্তিযোগ্য অপরাধ বিধায় তাঁর বিরুদ্ধে উক্ত বিধিতে অভিযোগ গঠন করে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের গত ০৩/১২/২০১৭ তারিখের ৩৩.০০.০০০০.১২৬.০১.০৯৬.১৭-৬৫৯ নম্বর স্মারকমূলে তাঁর কৈফিয়ত তলব করা হয়;


যেহেতু, গত ১৭/১২/২০১৭ তারিখ অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক লিখিত জবাব প্রদানের ১০ (দশ) কার্যদিবস অতিবাহিত হওয়া সত্ত্বেও তিনি জবাব দাখিল না করায় তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৩) বিধি অনুযায়ী তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদনের চূড়ান্ত মতামত অনুযায়ী বেগম ফারহানা জাহান, প্রাক্তন উপজেলা মৎস্য কর্মকর্তা, নাগরপুর, টাঙ্গাইল বর্তমানে পরিবীক্ষন ও মূল্যায়ন কর্মকর্তা, বাংলাদেশের নির্বাচিত এলাকায় কুচিয়া ও কার্কাড়া চাষ এবং গবেষণা প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (চৌদপুর মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউটে বদলির আদেশাধীন) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) (সংশোধিত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি) মোতাবেক “অসদাচরণ (Misconduct)” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। তাই তাঁকে উক্ত অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত করা হল।

সেহেতু, প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় বেগম ফারহানা জাহান, প্রাক্তন উপজেলা মৎস্য কর্মকর্তা, নাগরপুর, টাঙ্গাইল বর্তমানে পরিবীক্ষন ও মূল্যায়ন কর্মকর্তা, বাংলাদেশের নির্বাচিত এলাকায় কুচিয়া ও কার্কাড়া চাষ এবং গবেষণা প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (চৌদপুর মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউটে বদলির আদেশাধীন)- কে তাঁর বিরুদ্ধে প্রমাণিত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ (Misconduct)” এর অভিযোগে একই বিধি মালার ৪ (২) (খ) বিধি অনুযায়ী তাঁর ১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ১ (এক) বছরের জন্য স্থগিতের দন্ড প্রদান করা হলো। দন্ডের মেয়াদান্তে বেগম ফারহানা জাহান স্থগিতকৃত বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



তারিখঃ ২৭/০৮/২০১৮
মোঃ রইছউল আলম মন্ডল
সচিব

নং: ৩৩.০০.০০০০.১২৬.০১.০৯৬.১৭- ৪ ১৬২

তারিখঃ ১২ ভাদ্র ১৪২৫
২৭ আগস্ট ২০১৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ৪। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি প্রকাশের অনুরোধসহ)।
- ৫। প্রিন্সিপাল, মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট, চাঁদপুর।
- ৬। মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৭। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, এজিবি, সেগুন বাগিচা, ঢাকা।
- ১০। জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.....।
- ১১। বেগম ফারহানা জাহান, প্রাক্তন উপজেলা মৎস্য কর্মকর্তা, নাগরপুর, টাঙ্গাইল বর্তমানে পরিবীক্ষন ও মূল্যায়ন কর্মকর্তা, বাংলাদেশের নির্বাচিত এলাকায় কুচিয়া ও কার্কাড়া চাষ এবং গবেষণা প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (চাঁদপুর মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউটে বদলির আদেশাধীন)।
- ১২। যুগ্মসচিব (মৎস্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


হাফছা বেগম
উপ-সচিব
ফোন নং-৯৫৭৭২৬২